

হুগোফাক

তারিখ: 29 MAY 2019 ...
পৃষ্ঠা: ৪ ... কলাম: ৫

ওয়ান ব্যাংকের শিক্ষাবৃত্তি প্রদান

ওয়ান ব্যাংক লিমিটেড সম্প্রতি নোয়াখালীর মাইজদী কোর্টস্থ শিল্পকলা একাডেমী মিলনায়তনে কুমিল্লা, ফেনী, আমিশাপাড়া, মাদারী বাজার, চাপরাশিরহাট, লাকসাম এবং লক্ষীপুরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের সুবিধাবঞ্চিত মেধাবী শিক্ষার্থীদের নিয়ে শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে ওয়ান ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান সাদিদ এইচ চৌধুরী নির্বাচিত শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান করেন। এতে স্বাগত বক্তব্য রাখেন ওয়ান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এম. এ. ফখরুল আলম এবং সমাপনী বক্তব্য রাখেন ব্যাংকের চেয়ারম্যান সাদিদ এইচ চৌধুরী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওয়ান ব্যাংকের পরিচালক এএসএম শহীদুল্লাহ খানসহ অন্যান্য। - প্রেস বিজ্ঞপ্তি